



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)  
৮, রাজডক এভিনিউ, ঢাকা-১০০০।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯  
১৭ মে ২০২২

**প্রশাসনিক পরিপত্র নং- ১৯/২০২২**

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ০৯ মার্চ ২০২২ তারিখের ৬০৯তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী কল্যাণ তহবিল প্রবিধানমালা, ২০০০ এর ৭ নং অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (২) ও উপ-অনুচ্ছেদ (৩) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হয়েছে (সংযুক্ত):

"কর্মরত অবস্থায় কোন কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের নিকট হতে প্রাপ্ত আবেদন সাপেক্ষে মৃতের লাশ কবরস্থান/শ্মশান পর্যন্ত পরিবহন ও দাফন-কাফন/সৎকারের জন্য এককালীন ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে।"

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(জাহাঙ্গীর হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।



# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ বাংলাদেশ

## INVESTMENT CORPORATION OF BANGLADESH



৮, রাজউক এভিনিউ (লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স : ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৩৩১৩  
8, RAJUK AVENUE (LEVEL 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com

### সেক্রেটারীজ ডিভিশন

নং-৫৩.১৩.০০০০.০১৪.৬৭.০০১.২১

সহকারী মহাব্যবস্থাপক  
পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট  
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

27.04.2022  
তারিখ: ২৫.০৪.২০২২  
সিএম সিএসসি (পি)

**বিষয়ঃ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী কল্যাণ তহবিল প্রবিধানমালা, ২০০০ এর ৭(২) ও ৭(৩)নং অনুচ্ছেদ সংশোধন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বোর্ড কর্তৃক ০৯.০৩.২০২২ তারিখের ৬০৯তম সভায় উপস্থাপিত ব্যবস্থাপনা পরিচালকের ১৭.০২.২০২২ তারিখের ২১/২০২২ নং স্মারকটি বিবেচনা করা হয়। সভায় স্মারকের বিষয়বস্তু বিস্তারিত অবহিত হয়ে এবং আলোচনা-পর্যালোচনান্তে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেঃ

(০১) আইসিবি কর্মচারী কল্যাণ তহবিল প্রবিধানমালা-২০০০ এর বিদ্যমান ৭(২) ও ৭(৩) নং ধারাটি নিম্নোক্তভাবে অনুমোদিত হলেঃ

বিদ্যমান ৭(২) ও ৭(৩) নং অনুচ্ছেদ	সংশোধিত ৭(২) নং অনুচ্ছেদ
৭(২): মৃত কর্মচারীর পরিবারবর্গ মৃতের লাশ কবরস্থান/শ্মশান পর্যন্ত পরিবহনের জন্য প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে এক ডিভিশন হতে অন্য ডিভিশনে পরিবহনের ক্ষেত্রে প্রকৃত ব্যয় অথবা সর্বোচ্চ ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা এবং একই ডিভিশনের ক্ষেত্রে প্রকৃত ব্যয় অথবা ১৫,০০০.০০ টাকা যেটি কম প্রাপ্য হবেন;	কর্মরত অবস্থায় কোন কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের নিকট হতে প্রাপ্ত আবেদন সাপেক্ষে মৃতের লাশ কবরস্থান/শ্মশান পর্যন্ত পরিবহন ও দাফন-কাফন/সৎকারের জন্য এককালীন ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে।
৭(৩): কর্মরত/অবসরপ্রাপ্ত (অবসর গ্রহণের পর ১০ বছর পর্যন্ত) কোন কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর দাফন/সৎকার খরচ নির্বাহ করার জন্য তাঁর পরিবারবর্গের নিকট হতে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে অনধিক ৫,০০০.০০ টাকা প্রদান।	

০২। আলোচ্য বিষয়ের কার্যবিবরণীটি ২৫.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ৬১০তম সভায় নিশ্চিত করা হয়েছে। উপরিউক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি অত্র ডিভিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

(রুখসানা ইয়াসমিন)  
বোর্ড সচিব, পরিচালনা বোর্ড